রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, অক্টোবর ১৬, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩১ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/ ১৬ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৩৫৪-আইন/২০২৪।**—সরকার বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর-১০৯০২/২০১৯ এর বিগত ৩ সেপ্টেম্বর, ২০২৪ তারিখের আদেশ অনুযায়ী The Commissions of Inquiry Act, 1956 (Act No. VI of 1956) এর section 3 এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে সংঘটিত নির্যাতন/র‍্যাগিং এর বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রদান ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে এবং বাংলাদেশের অন্যান্য উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে নির্যাতন/র‍্যাগিং বন্ধের জন্য সুনির্দিষ্ট সুপারিশ প্রদানের নিমিত্ত অবসরপ্রাপ্ত বিচারপতি মোঃ মিফ্‌তাহ উদ্দীন চৌধুরী-এঁর সমন্বয়ে ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিশন গঠন করিল।

২। তদন্ত কমিশনের কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে সংঘটিত নির্যাতন/র‍্যাগিং এর বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রদান;

(খ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে এবং বাংলাদেশের অন্যান্য উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে নির্যাতন/র‍্যাগিং বন্ধের জন্য সুনির্দিষ্ট সুপারিশ প্রদান; এবং

(গ) উপরি-বর্ণিত উদ্দেশ্যে সংশ্লিষ্ট যে কোনো আইনানুগ কার্য সম্পাদন।


মূল্য : টাকা ৪.০০

৩। কমিশন, The Commissions of Inquiry Act, 1956 অনুসারে এবং হাইকোর্ট বিভাগের আদেশ অনুযায়ী তদন্তকার্য সম্পন্ন করিয়া আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মাননীয় আদালতের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করিবে।

৪। জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় তদন্ত কমিশনকে সাচিবিক সহায়তা প্রদানসহ সকল প্রকার সহযোগিতা প্রদান করিবে।

৫। কমিশনের সদস্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের একজন বিচারকের মর্যাদা, আর্থিক ও অন্যান্য সুবিধা ভোগ করিবেন।

৬। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd